রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, ডিসেম্বর ৩১, ২০১৭**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**

**আনসার শাখা-১**

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৩ পৌষ ১৪২৪ বঙ্গাব্দ/২৭ ডিসেম্বর ২০১৭ খ্রিস্টাব্দ

**এস, আর, ও নং ৩৫৪/২০১৭।**—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ১৩৩ অনুচ্ছেদের শর্তাংশে প্রদত্ত ক্ষমতাবলে রাষ্ট্রপতি, উক্ত সংবিধানের ১৪০(২) অনুচ্ছেদের বিধান মোতাবেক বাংলাদেশ সরকারি কর্ম কমিশনের সহিত পরামর্শক্রমে, নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিলেন, যথা :—

১। **সংক্ষিপ্ত শিরোনাম।**—এই বিধিমালা আনসার ও ভিডিপি হাসপাতাল (কর্মচারী) নিয়োগ বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

২। সংজ্ঞা।—বিষয় কিংবা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই বিধিমালায়,—

(ক) "কমিশন" অর্থ বাংলাদেশ সরকারি কর্ম কমিশন;

(খ) "তফসিল" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত তফসিলসমূহ;

(গ) "নিয়োগকারী কর্তৃপক্ষ" অর্থ সরকার বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোনো কর্মকর্তা;

(ঘ) "পদ" অর্থ তফসিলে উল্লিখিত কোনো পদ;

(ঙ) "প্রয়োজনীয় যোগ্যতা" অর্থ তফসিলে বর্ণিত সংশ্লিষ্ট পদের বিপরীতে উল্লিখিত যোগ্যতা;

(চ) "শিক্ষানবিশ" অর্থ কোনো স্থায়ী শূন্য পদের জন্য শিক্ষানবিশ হিসাবে নিয়োগপ্রাপ্ত কোনো ব্যক্তি;

(ছ) "সিজিপিএ" অর্থ Cumulative Grade Point Average (CGPA); এবং


মূল্য : টাকা ২৪.০০

(জ) "স্বীকৃত বিশ্ববিদ্যালয়" বা "স্বীকৃত বোর্ড" বা "স্বীকৃত প্রতিষ্ঠান" বা "স্বীকৃত ইনস্টিটিউট" অর্থ আপাততঃ বলবৎ কোনো আইনের দ্বারা বা আইনের অধীনে প্রতিষ্ঠিত কোনো বিশ্ববিদ্যালয়, বোর্ড, প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটকে বুঝাইবে এবং এই বিধিমালার উদ্দেশ্য পূরণকল্পে, কমিশনের সহিত পরামর্শক্রমে, সরকার কর্তৃক স্বীকৃত বলিয়া ঘোষিত অন্য কোনো বিশ্ববিদ্যালয়, শিক্ষা বোর্ড, প্রতিষ্ঠান বা ইনস্টিটিউটও ইহার অন্তর্ভুক্ত হইবে।

২। **নিয়োগ পদ্ধতি।**—(১) তফসিলে বর্ণিত বিধান সাপেক্ষে এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ২৯(৩) এর উদ্দেশ্য পূরণকল্পে, সংরক্ষণ সংক্রান্ত নির্দেশাবলী সাপেক্ষে, কোনো শূন্য পদে নিম্নবর্ণিত পদ্ধতিতে নিয়োগদান করা যাইবে, যথা :—

(ক) সরাসরি নিয়োগের মাধ্যমে;

(খ) পদোন্নতির মাধ্যমে;

(গ) প্রেষণে বদলির মাধ্যমে; এবং

(ঘ) আউট সোর্সিং এর মাধ্যমে।

(২) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগ করা হইবে না, যদি না তজ্জন্য তাঁহার প্রয়োজনীয় যোগ্যতা থাকে, এবং সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার বয়স উক্ত পদের জন্য তফসিলে বর্ণিত বয়সসীমার মধ্যে না হয়।

৪। **সরাসরি নিয়োগ।**—(১) কমিশনের সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতাভুক্ত কোনো পদে কোনো ব্যক্তিকে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(২) নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গঠিত বাছাই কমিটির সুপারিশ ব্যতিরেকে কমিশনের আওতা বহির্ভূত কোনো পদে সরাসরি নিয়োগ করা যাইবে না।

(৩) কোনো পদে সরাসরি নিয়োগের জন্য কোনো ব্যক্তি যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না, যদি তিনি—

(ক) বাংলাদেশের নাগরিক না হন অথবা বাংলাদেশের স্থায়ী বাসিন্দা না হন অথবা বাংলাদেশের ডমিসাইল না হন;

(খ) এমন কোনো ব্যক্তিকে বিবাহ করেন অথবা বিবাহ করিবার জন্য প্রতিশ্রুতিবদ্ধ হন যিনি বাংলাদেশের নাগরিক নহেন।

(৪) কোনো পদে সরাসরি নিয়োগ করা হইবে না, যদি—

(ক) নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তির স্বাস্থ্য পরীক্ষার উদ্দেশ্যে স্বাস্থ্য অধিদপ্তরের মহাপরিচালক কর্তৃক গঠিত মেডিকেল বোর্ড অথবা, ক্ষেত্রবিশেষে, তৎকর্তৃক মনোনীত কোনো মেডিকেল অফিসার এই মর্মে প্রত্যয়ন না করেন যে, উক্ত ব্যক্তি স্বাস্থ্যগতভাবে অনুরূপ পদে নিয়োগযোগ্য এবং তিনি এইরূপ কোনো দৈহিক বৈকল্যে ভুগিতেছেন না, যাহা সংশ্লিষ্ট পদের দায়িত্ব পালনে কোনো ব্যাঘাত সৃষ্টি করিতে পারে; এবং

(খ) এইরূপে বাছাইকৃত ব্যক্তির পূর্ব কার্যকলাপ যথাযোগ্য এজেন্সির মাধ্যমে তদন্ত না হইয়া থাকে ও তদন্তের ফলে দেখা না যায় যে, প্রজাতন্ত্রের চাকুরিতে নিযুক্তির জন্য তিনি অনুপযুক্ত নহেন।

(৫) কোনো ব্যক্তিকে কোনো পদে নিয়োগের জন্য সুপারিশ করা হইবে না, যদি তিনি—

(ক) উক্ত পদের জন্য কমিশন কর্তৃক বা নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক দরখাস্ত আহ্বানের বিজ্ঞপ্তিতে উল্লিখিত ফিসহ যথাযথ ফরম ও প্রয়োজনীয় কাগজপত্রসহ নির্দিষ্ট তারিখের মধ্যে দরখাস্ত দাখিল না করেন;

(খ) সরকারি চাকুরি কিংবা কোনো স্থানীয় কর্তৃপক্ষের চাকুরিতে নিয়োজিত থাকাকালে স্বীয় ঊর্ধ্বতন কর্মকর্তার মাধ্যমে দরখাস্ত দাখিল না করেন।

৫। **পদোন্নতির মাধ্যমে নিয়োগ**।—(১) এতদুদ্দেশ্যে সরকার কর্তৃক গঠিত সংশ্লিষ্ট বাছাই বা নির্বাচন কমিটির সুপারিশের ভিত্তিতে কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে :

তবে শর্ত থাকে যে, ১৩—১৬ গ্রেডের কোনো পদ হইতে ১০—১২ গ্রেডের কোনো পদে এবং ১০—১২ গ্রেডের কোনো পদ হইতে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডের কোনো কমিশনের সুপারিশের ভিত্তিতে পদোন্নতির মাধ্যমে নিয়োগ করা যাইবে।

(২) যদি কোনো ব্যক্তির চাকুরির বৃত্তান্ত সন্তোষজনক না হয়, তাহা হইলে তিনি কোনো পদে পদোন্নতির মাধ্যমে নিয়োগের জন্য যোগ্য বলিয়া বিবেচিত হইবেন না।

৬। **শিক্ষানবিশ**।—(১) স্থায়ী শূন্য পদের বিপরীতে কোনো পদে নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে শিক্ষানবিশি স্তরে—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, যোগদানের তারিখ হইতে ২ (দুই) বৎসরের জন্য; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, এইরূপ নিয়োগের তারিখ হইতে এক বৎসরের জন্য নিয়োগ করা হইবে :

তবে শর্ত থাকে যে, নিয়োগকারী কর্তৃপক্ষ কারণ লিপিবদ্ধ করিয়া কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ এক বা একাধিকবার এইরূপ বৃদ্ধি করিতে পারিবেন যাহাতে বর্ধিত মেয়াদ সর্বসাকুল্যে ২ (দুই) বৎসরের অধিক না হয়।

(২) যে ক্ষেত্রে কোনো শিক্ষানবিশের শিক্ষানবিশি মেয়াদ চলাকালে নিয়োগকারী কর্তৃপক্ষ মনে করেন যে, তাঁহার আচরণ ও কর্ম সন্তোষজনক নহে, কিংবা তাঁহার কর্মদক্ষ হইবার সম্ভাবনা নাই, সেইক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, শিক্ষানবিশে চাকুরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(খ) পদোন্নতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) শিক্ষানবিশির মেয়াদ, বর্ধিত মেয়াদ থাকিলে তাহাসহ, সম্পূর্ণ হইবার পর নিয়োগকারী কর্তৃপক্ষ—

(ক) যদি এই মর্মে সন্তুষ্ট হন যে, শিক্ষানবিশি মেয়াদ চলাকালে কোনো শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক, তাহা হইলে উপ-বিধি (৪) এর বিধান সাপেক্ষে, তাঁহাকে চাকুরিতে স্থায়ী করিবেন;

(খ) যদি মনে করেন যে, উক্ত মেয়াদ চলাকালে শিক্ষানবিশের আচরণ ও কর্ম সন্তোষজনক ছিল না, তাহা হইলে উক্ত কর্তৃপক্ষ—

(অ) সরাসরি নিয়োগের ক্ষেত্রে, তাঁহার চাকুরির অবসান ঘটাইতে পারিবেন; এবং

(আ) পদোন্নাতির ক্ষেত্রে, তাঁহাকে যে পদ হইতে পদোন্নতি প্রদান করা হইয়াছিল সেই পদে প্রত্যাবর্তন করাইতে পারিবেন।

(৩) কোনো শিক্ষানবিশকে কোনো নির্দিষ্ট পদে স্থায়ী করা হইবে না, যতক্ষণ না সরকারি আদেশ মূলে, সময়ে সময়ে, যে পরীক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়, সেই পরীক্ষায় তিনি উত্তীর্ণ হন ও সফলভাবে প্রশিক্ষণ গ্রহণ করেন।

৭। **বিশেষ বিধান।**—তফসিলে উল্লিখিত কোনো পদ পূরণের ক্ষেত্রে সরাসরি ও পদোন্নতির কোটা বিভাজনে কোনো ভগ্নাংশ হইলে উভয় কোটায় ভগ্নাংশ পূর্ণ সংখ্যা হিসাবে পদোন্নতির কোটার সহিত যুক্ত হইবে।

## তফসিল ১

[বিধি ২(খ) দ্রষ্টব্য]

| ক্রমিক নং | পদের নাম | সরাসরি নিয়োগের ক্ষেত্রে বয়সসীমা | নিয়োগ পদ্ধতি | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১. | তত্ত্বাবধায়ক | -- | জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়নের মাধ্যমে, তবে জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়নযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **জ্যেষ্ঠতার ভিত্তিতে পদায়নের ক্ষেত্রে :**<br>সিনিয়র কনসালটেন্ট (মেডিসিন) অথবা সিনিয়র কনসালটেন্ট (সার্জারী) এর মধ্য হইতে জ্যেষ্ঠতার ভিত্তিতে।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে :**<br>সরকারের উপ-সচিব বা সম পদমর্যাদার কর্মকর্তাদের মধ্য হইতে। |
| ২. | সিনিয়র কনসালটেন্ট (মেডিসিন) | অনূর্ধ্ব ৪০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব মেডিসিন এন্ড ব্যাচেলর অব সার্জারী (এমবিবিএস) অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত;<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা;<br>(ঘ) সংশ্লিষ্ট পেশায় অন্যূন ১০(দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>(ঙ) জাতীয় বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত সংশ্লিষ্ট কোনো জার্নালে অন্যূন ৩ (তিন) টি গবেষণাকর্ম প্রকাশকারীগণ অগ্রাধিকারযোগ্য; এবং<br>(চ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে :**<br>বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত সমপদমর্যাদার চিকিৎসকদের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩. | সিনিয়র কনসালটেন্ট (সার্জারী) | অনূর্ধ্ব ৪০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব মেডিসিন এন্ড ব্যাচেলর অব সার্জারী (এমবিবিএস) অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত;<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা;<br>(ঘ) সংশ্লিষ্ট পেশায় অন্যূন ১০(দশ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>(ঙ) জাতীয় বা আন্তর্জাতিকভাবে স্বীকৃত সংশ্লিষ্ট কোনো জার্নালে অন্যূন ৩ (তিন) টি গবেষণাকর্ম প্রকাশকারীগণ অগ্রাধিকারযোগ্য; এবং<br>(চ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে :**<br>বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত সমপদমর্যাদার চিকিৎসকদের মধ্য হইতে। |
| ৪. | জুনিয়র কনসালটেন্ট (গাইনি) | অনূর্ধ্ব ৩৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব মেডিসিন এন্ড ব্যাচেলর অব সার্জারী (এমবিবিএস) অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত;<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা;<br>(ঘ) সংশ্লিষ্ট পেশায় অন্যূন ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>(ঙ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে :**<br>বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত সমপদমর্যাদার চিকিৎসকদের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৫. | জুনিয়র কনসালটেন্ট (আই/চক্ষু) | অনূর্ধ্ব ৩৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব মেডিসিন এন্ড ব্যাচেলর অব সার্জারী (এমবিবিএস) অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত;<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা;<br>(ঘ) সংশ্লিষ্ট পেশায় অন্যূন ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(ঙ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে :**<br>বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত সমপদমর্যাদার চিকিৎসকদের মধ্য হইতে। |
| ৬. | জুনিয়র কনসালটেন্ট (পেডিয়াট্রিকস/শিশু) | অনূর্ধ্ব ৩৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব মেডিসিন এন্ড ব্যাচেলর অব সার্জারী (এমবিবিএস) অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত;<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা;<br>(ঘ) সংশ্লিষ্ট পেশায় অন্যূন ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(ঙ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে :**<br>বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত সমপদমর্যাদার চিকিৎসকদের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৭. | জুনিয়র কনসালটেন্ট (অর্থোপেডিকস) | অনূর্ধ্ব ৩৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব মেডিসিন এন্ড ব্যাচেলর অব সার্জারী (এমবিবিএস) অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত;<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা;<br>(ঘ) সংশ্লিষ্ট পেশায় অন্যূন ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(ঙ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে :**<br>বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত সমপদমর্যাদার চিকিৎসকদের মধ্য হইতে। |
| ৮. | জুনিয়র কনসালটেন্ট (ইএনটি/নাক, কান, গলা) | অনূর্ধ্ব ৩৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব মেডিসিন এন্ড ব্যাচেলর অব সার্জারী (এমবিবিএস) অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত;<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা;<br>(ঘ) সংশ্লিষ্ট পেশায় অন্যূন ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(ঙ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে :**<br>বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত সমপদমর্যাদার চিকিৎসকদের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৯. | কার্ডিওলজিস্ট | অনূর্ধ্ব ৩৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব মেডিসিন এন্ড ব্যাচেলর অব সার্জারী (এমবিবিএস) অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত;<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা;<br>(ঘ) সংশ্লিষ্ট পেশায় অন্যূন ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(ঙ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে :**<br>বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত সমপদমর্যাদার চিকিৎসকদের মধ্য হইতে। |
| ১০. | এ্যানেসথেটিস্ট | অনূর্ধ্ব ৩৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব মেডিসিন এন্ড ব্যাচেলর অব সার্জারী (এমবিবিএস) অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত;<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা;<br>(ঘ) সংশ্লিষ্ট পেশায় অন্যূন ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(ঙ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত সমপদমর্যাদার চিকিৎসকদের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১১. | প্যাথলজিস্ট | অনূর্ধ্ব ৩৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব মেডিসিন এন্ড ব্যাচেলর অব সার্জারী (এমবিবিএস) অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত;<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা;<br>(ঘ) সংশ্লিষ্ট পেশায় অন্যূন ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(ঙ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত সমপদমর্যাদার চিকিৎসকদের মধ্য হইতে। |
| ১২. | রেডিওলজিস্ট | অনূর্ধ্ব ৩৭ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব মেডিসিন এন্ড ব্যাচেলর অব সার্জারী (এমবিবিএস) অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত;<br>(গ) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হইতে সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা;<br>(ঘ) সংশ্লিষ্ট পেশায় অন্যূন ৫(পাঁচ) বৎসরের বাস্তব অভিজ্ঞতা; এবং<br>(ঙ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত সমপদমর্যাদার চিকিৎসকদের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৩. | আর এম ও | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) মেডিকেল অফিসার অথবা ইমারজেন্সি মেডিকেল অফিসার পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত সমপদমর্যাদাসম্পন্ন সরকারি কর্মকর্তাদের মধ্য হইতে। |
| ১৪. | মেডিকেল অফিসার (ব্লাড ব্যাংক) | - | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>(ক) মেডিকেল অফিসার অথবা ইমারজেন্সি মেডিকেল অফিসার পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি; এবং<br>(খ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত সমপদমর্যাদাসম্পন্ন সরকারি কর্মকর্তাদের মধ্য হইতে। |
| ১৫. | মেডিকেল অফিসার | অনূর্ধ্ব ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব মেডিসিন এন্ড ব্যাচেলর অব সার্জারী (এমবিবিএস) অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত সমপদমর্যাদার চিকিৎসকদের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৬. | ইমার্জেন্সী মেডিকেল অফিসার | অনূর্ধ্ব ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব মেডিসিন এন্ড ব্যাচেলর অব সার্জারী (এমবিবিএস) অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত সমপদমর্যাদার চিকিৎসকদের মধ্য হইতে। |
| ১৭. | ডেন্টাল সার্জন | অনূর্ধ্ব ৩২ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে ব্যাচেলর অব ডেন্টাল সার্জারী (বিডিএস) অথবা সমমানের ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল (বিএমডিসি) হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত; এবং<br>(গ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>বিসিএস (স্বাস্থ্য) ক্যাডারভুক্ত সমপদমর্যাদার চিকিৎসকদের মধ্য হইতে। |
| ১৮. | হেলথ এডুকেশন অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজকল্যাণ, সমাজকর্ম বা সমাজবিজ্ঞানে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি;<br>(খ) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে মাস্টার্স ইন পাবলিক হেলথ (এমপিএইচ) ডিগ্রিধারী প্রার্থীগণ অগ্রাধিকারযোগ্য; এবং<br>(গ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদা সম্পন্ন সরকারি কর্মকর্তাদের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ১৯. | সোশাল ওয়েলফেয়ার অফিসার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সমাজকল্যাণ বা সমাজকর্ম বা সমাজবিজ্ঞানে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে ৪(চার) বৎসর মেয়াদী স্নাতক বা সমমানের ডিগ্রি অথবা সংশ্লিষ্ট বিষয়ে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতকোত্তর ডিগ্রি; এবং<br>(খ) কম্পিউটারের পরিচালনায় দক্ষতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সমপদমর্যাদাসম্পন্ন সরকারি কর্মকর্তাদের মধ্য হইতে। |
| ২০. | জুনিয়র মেট্রন | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য ও সরাসরি নিয়োগের যোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র স্টাফ নার্স পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা ইন নার্সিং এন্ড ডিপ্লোমা ইনমিড-ওয়াইফারী অথবা কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে বিএসসি ইন নার্সিং ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ নার্সিং কাউন্সিল হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত; এবং<br>(গ) নার্সিং পেশায় অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সিনিয়র স্টাফ নার্স বা সমপদমর্যাদার অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন নার্সদের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২১. | সিস্টার | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে এবং পদোন্নতিযোগ্য ও সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে:**<br>সিনিয়র স্টাফ নার্স পদে অন্যূন ৩(তিন) বৎসরের চাকরি।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে:**<br>(ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা ইন নার্সিং এন্ড ডিপ্লোমা ইন মিড- ওয়াইফারী অথবা কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে বিএসসি নার্সিং ডিগ্রি;<br>(খ) বাংলাদেশ নার্সিং কাউন্সিল হইতে রেজিস্ট্রেশনপ্রাপ্ত; এবং<br>(গ) নার্সিং পেশায় অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে:**<br>সিনিয়র স্টাফ নার্স বা সমপদমর্যাদার অন্যূন ৩ (তিন) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন নার্সদের মধ্য হইতে। |
| ২২. | সিনিয়র স্টাফ নার্স | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে, তবে সরাসরি নিয়োগযোগ্য প্রার্থী পাওয়া না গেলে প্রেষণে বদলির মাধ্যমে। | **সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে ডিপ্লোমা ইন নার্সিং (বেসিক) উত্তীর্ণ এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল হইতে রেজিস্ট্রেশন প্রাপ্ত; অথবা<br>কোন স্বীকৃত ইনস্টিটিউট হইতে বিএসসি ইন নার্সিং অথবা ব্যাচেলর অব নার্সিং কোর্স উত্তীর্ণ এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল হইতে রেজিস্ট্রেশন প্রাপ্ত;<br>(খ) নার্সিং পেশায় অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতা;<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(ঘ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ।<br>**প্রেষণে বদলির ক্ষেত্রে :**<br>সিনিয়র স্টাফ নার্স বা সমপদমর্যাদা সম্পন্ন অন্যূন ২ (দুই) বৎসরের বাস্তব অভিজ্ঞতাসম্পন্ন নার্সদের মধ্য হইতে। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৩. | ফার্মাসিস্ট | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৪. | রেডিওগ্রাফার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৫. | ল্যাবরেটরি টেকনিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৬. | টেকনিশিয়ান (ব্লাড ব্যাংক) | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ২৭. | ডেন্টাল টেকনিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত ইনস্টিটিউট হইতে সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) বৎসর মেয়াদী ডিপ্লোমা;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ২৮. | কম্পিউটার অপারেটর | Computer Personnel (Government Organisations) Recruitment Rules, 1985 অনুযায়ী। | | |
| ২৯. | প্রধান সহকারী-কাম-হিসাব রক্ষক | অনূর্ধ্ব ৩০ বৎসর | পদোন্নতির মাধ্যমে, তবে পদোন্নতিযোগ্য প্রার্থী পাওয়া না গেলে সরাসরি নিয়োগের মাধ্যমে। | **পদোন্নতির ক্ষেত্রে :** রেকর্ড কিপার/স্ট্যাটিসটিশিয়ান অথবা স্টোর কিপার পদে অন্যূন ৩ (তিন) বৎসরের চাকুরী।<br>**সরাসরি নিয়োগের ক্ষেত্রে :**<br>(ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রী;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩০. | ক্যাশিয়ার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে বাণিজ্যে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে স্নাতক ডিগ্রী;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩১. | ওয়ার্ড মাস্টার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে অন্যূন দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের শিক্ষাগত যোগ্যতা;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩২. | রেকর্ড কিপার/ স্ট্যাটিসটিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের শিক্ষাগত যোগ্যতা;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৩. | স্টোর কীপার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(গ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৪. | ড্রাইভার | Gazetted and Non-Gazetted Staff (Government Transport Diretorate) Recruitment Rules, 1984 অনুযায়ী। | | |
| ৩৫. | টেলিফোন অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে দ্বিতীয় শ্রেণি বা সমমানের সিজিপিএ-তে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (এইচএসসি) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>(খ) বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড হইতে সংশ্লিষ্ট বিষয়ে সনদপত্রধারী;<br>(গ) কম্পিউটার পরিচালনায় দক্ষতা; এবং<br>(ঘ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৬. | ইলেকট্রিশিয়ান | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৭. | জেনারেটর/পাম্প অপারেটর | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) বাংলাদেশ কারিগরী শিক্ষা বোর্ড হইতে সংশ্লিষ্ট ট্রেডসহ মাধ্যমিক স্কুল সার্টিফিকেট (এসএসসি) (ভোকেশনাল) পরীক্ষায় উত্তীর্ণ; এবং<br>(খ) তফসিল ২ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |

| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
|---|---|---|---|---|
| ৩৮. | স্ট্রেচার বেয়ারার | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা জুনিয়র দাখিল সার্টিফিকেট ( জেডিসি) বা অষ্টম শ্রেণি পাশ;<br>(খ) সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকিতে হইবে; এবং<br>(গ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৩৯. | বাবুর্চি/সহকারি বাবুর্চি | অনূর্ধ্ব ৩০ বৎসর | সরাসরি নিয়োগের মাধ্যমে। | (ক) কোনো স্বীকৃত বোর্ড হইতে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) বা জুনিয়র দাখিল সার্টিফিকেট (জেডিসি) বা অষ্টম শ্রেণি পাশ;<br>(খ) তফসিল ৩ অনুযায়ী গৃহীত পরীক্ষায় উত্তীর্ণ। |
| ৪০. | অফিস সহায়ক/ওয়ার্ড বয়/আয়া | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮” অনুযায়ী। | | |
| ৪১. | পরিচ্ছন্নতা কর্মী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮” অনুযায়ী। | | |
| ৪২. | মালী | অর্থ বিভাগ কর্তৃক জারীকৃত “আউট সোর্সিং (Out Sourcing)” এর মাধ্যমে “সেবা গ্রহণ নীতিমালা, ২০০৮” অনুযায়ী। | | |

## তফসিল-২

[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

তফসিল-১ এর ক্রমিক নং ২৩, ২৪, ২৫, ২৬, ২৭, ২৯, ৩০, ৩১, ৩২, ৩৩, ৩৫, ৩৬, ৩৭ পদে সরাসরি নিয়োগের জন্য লিখিত পরীক্ষার বিষয়, নম্বর বণ্টন ও মৌখিক পরীক্ষার নম্বরসমূহ নিম্নরূপ, যথা :—

| ক্রমিক নং | বিষয়ের নাম | নম্বর বণ্টন | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|---|
| ১. | লিখিত পরীক্ষা | | ১০০ | ৫০% | ৯০ মিনিট |
| | বাংলা | ৩০ | | | |
| | ইংরেজি | ৩০ | | | |
| | গণিত/টেকনিক্যাল | ২০ | | | |
| | সাধারণ জ্ঞান | ২০ | | | |
| ২. | মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট=১১০ | | | | | |

**তফসিল-৩**

[বিধি ২ (খ) দ্রষ্টব্য]

তফসিল-১ এর ক্রমিক নং ৩৮ ও ৩৯ পদে নিয়োগের জন্য লিখিত পরীক্ষার বিষয়, নম্বর বণ্টন ও মৌখিক পরীক্ষার নম্বরসমূহ নিম্নরূপ, যথা :—

| ক্রমিক নং | বিষয়ের নাম | নম্বর বণ্টন | মোট নম্বর | সর্বনিম্ন পাস নম্বর | সময় |
|---|---|---|---|---|---|
| ১. | লিখিত পরীক্ষা | | ৫০ | ৫০% | ১ ঘণ্টা |
| | বাংলা | ১৫ | | | |
| | ইংরেজি | ১৫ | | | |
| | গণিত/টেকনিক্যাল | ১০ | | | |
| | সাধারণ জ্ঞান | ১০ | | | |
| ২. | মৌখিক পরীক্ষা | | ১০ | | |
| সর্বমোট=৬০ | | | | | |

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোস্তাফা কামাল উদ্দীন**
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd